শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী খুন, আরও ২ জনের স্বীকারোক্তি

চেম্বার ডেস্ক:: শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) শিক্ষার্থী মো. বুলবুল আহমেদ (২২) খুনের ঘটনার সঙ্গে নিজেদের সম্পৃক্ত থাকার কথা স্বীকার করে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন গ্রেপ্তার কামরুল ইসলাম (২৯) ও মো. হাসান (১৯)।

এর আগে বুধবার (২৭ জুলাই) একই আদালতে নিজের সম্পৃক্ততার কথা ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছিলেন মামলার অপর আসামি মো. আবুল হোসেন (১৯)।

আজ বৃহস্পতিবার (২৮ জুলাই) বিকেল ৪টার দিকে সিলেট মহানগর ম্যাজিস্ট্রেট-২ এর বিচারক সুমন ভূঁইয়ার আদালতে ওই দুই আসামিকে হাজির করা হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন সিলেট মেট্রোপলিটন পুলিশের উপকমিশনার বিএম আশরাফ উল্লাহ তাহের।

শাবিপ্রবির শিক্ষার্থী বুলবুল হত্যাকাণ্ডের ঘটনার বিস্তারিত অবস্থা জানিয়ে ২৭ জুলাই (বুধবার) দুপুর ২টায় সংবাদ সম্মেলন করে সিলেট মেট্রোপলিটন পুলিশ। তখন এ খুনের ঘটনায় তিনজনকে গ্রেপ্তারের বিষয়টি জানান পুলিশের উপকমিশনার আজবাহার আলী শেখ।

গ্রেপ্তাররা হলেন- এয়ারপোর্ট থানাধীন টিলারগাঁও গ্রামের মো. আনিছ আলীর ছেলে মো. আবুল হোসেন (১৯), গোলাব আহমদের ছেলে কামরুল ইসলাম (২৯) ও মৃত তছির আলীর ছেলে মো. হাসান (১৯)।

প্রসঙ্গত, সোমবার (২৫ জুলাই) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের গাজীকালুর টিলায় শিক্ষার্থী বুলবুলের ওপর হামলার ঘটনা ঘটে। পরে রাত ৮টার দিকে সিলেটের ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

মৃত্যুর পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে একটি হত্যা মামলা করা হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে মামলা করেন শাবিপ্রবির